# উপজেলা পরিষদ কার্যালয়
## জলঢাকা, নীলফামারী

**যোগাযোগ ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ
তারিখ ঃ ১৩-০২-২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.৩০ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

| ক্রমিক নং | নাম ও পদবী | উপাধী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, বালাগ্রাম ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | উপজেলা প্রকৌশলী, জলঢাকা, নীলফামারী | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সুচিঃ

১. অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক অগ্রগতি
২. অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক অগ্রগতি | উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব সভায় জানান উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)'র থোক বরাদ্দের ১ম কিস্তির বরাদ্দ ২৫.৬০ লক্ষ টাকা পাওয়া গেছে। এ অর্থকে ৪ গুন ১,০২,৪০,০০০/- টাকা হিসাব ধরে প্রকল্প গ্রহণের জন্য গত সভায় আলোচনা করা হয়। উক্ত অর্থ হতে টেন্ডারের মাধ্যমে ৬৬,৩২,১৬০/- টাকা, পিআইসি'র মাধ্যমে ৩০,০০,০০০/- টাকা এবং কোটেশনের মাধ্যমে ৫,০০,০০০/- টাকার আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫১,২০০/- টাকা বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। | বিভাগের কার্যক্রম আরও গতিশীল ও সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জলঢাকা, নীলফামারী |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ তারিকুজ্জামান)**
উপজেলা প্রকৌশলী ও
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
জলঢাকা, নীলফামারী

**(জায়িদ ইমরুল মোজাক্কিন)**
প্রশাসক, উপজেলা পরিষদ ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
জলঢাকা, নীলফামারী